হে আল্লাহ আমরা তাদের মোকাবিলায় আপনাকেই তাদের গলায় রাখছি এবং তাদের অনিষ্ট থেকে আপনার কাছে আশ্রয় চাচ্ছি।

আবূ মুসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যখন কোনো সম্প্রদায়ের দ্বারা ক্ষতির আশংকা করতেন তখন বলতেন, “হে
আল্লাহ আমরা তাদের মোকাবিলায় আপনাকেই তাদের গলায় রাখছি এবং তাদের অনিষ্ট থেকে
আপনার কাছে আশ্রয় চাচ্ছি।” [হাদীসটির সনদ সহীহ।] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের বাণী, “হে আল্লাহ আমরা আপনাকে তাদের গলায় স্থাপন করছি” অর্থাৎ তাদের সামনে পেশ করছি, আপনি আমাদের থেকে তাদেরকে প্রতিহত করবেন ও তাদের থেকে আমাদেরকে রক্ষা করবেন। হাদীসে নহর শব্দকে নির্দিষ্ট করার কারণ হলো, নহর/গলা ধরে ধাক্কা দিয়ে প্রতিহত করা ও নহর ধরে তাকে আয়ত্তে আনা অতি সহজ। আর শত্রু তো যুদ্ধের জন্য গলা দিয়েই অগ্রসর হয় অথবা তাদের গলাকে কব্জা করা ও তাদের হত্যা করার শুভ লক্ষণ হিসেবে নহর শব্দ ব্যবহার করেছেন। “তাদের অনিষ্ট থেকে আপনার কাছে আশ্রয় চাচ্ছি।” এমতাবস্থায় আপনার জন্য আল্লাহই যথেষ্ট হবেন। এ দো‘আর মূল উদ্দেশ্য হলো, হে আল্লাহ আমরা আপনার কাছে প্রার্থনা করছি যে, আপনি তাদের সীনাকে প্রতিহত করুন বা তাদের সাথে যুদ্ধে মিলিত হওয়া থেকে বিরত রাখুন, তাদের অনিষ্ট প্রতিরোধ করুন, তাদের যাবতীয় ষড়যন্ত্রের মোকাবিলায় আপনিই আমাদের জন্য যথেষ্ট এবং আমাদের ও তাদের মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করুন। উপরোক্ত বাক্যদ্বয় যদিও সহজ, যখন কোনো মানুষ অন্তরের অন্তস্থল থেকে ইখলাসের সাথে তা বলবে তবে নিশ্চয় আল্লাহ তার থেকে শত্রুর শত্রুতা প্রতিহত করবেন। আর আল্লাহই একমাত্র তাওফিকদাতা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5473